দৈনিক ইত্তেফাক

তারিখ 23 DEC 1993
পৃষ্ঠা ৩ কলাম ৫

## এসএসসি পরীক্ষায় অসদুপায়

# যশোর বোর্ডে ১৩ শতাধিক পরীক্ষার্থীর দন্ড

কালিয়া (নড়াইল) সংবাদদাতা ॥ ১৯৯৩ সালে অনুষ্ঠিত মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে যশোর বোর্ডের সাড়ে ১৩ শতাধিক পরীক্ষার্থীর বিরুদ্ধে বিভিন্ন মেয়াদের শাস্তি প্রদান করা হইয়াছে।

বোর্ড সূত্রে জানা যায়, ২৪শে নভেম্বর অনুষ্ঠিত বোর্ডের শৃঙ্খলা কমিটির সভায় ১৯৯৩ সালে অনুষ্ঠিত মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অসদুপায় অবলম্বন, দুর্নীতির আশ্রয় গ্রহণ, অসদাচরণ প্রদর্শন ও পরীক্ষা পরিচালনা বিধি বহির্ভূত কার্যকলাপ করা প্রভৃতি অভিযোগ সম্পর্কে পরীক্ষা পরিচালনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণ ও প্রধান পরীক্ষকগণের নিকট হইতে প্রাপ্ত রিপো-

(৯ম পৃঃ দ্রঃ)

### যশোর বোর্ডে

( ৩য় পৃঃ পর )

র্টের ভিত্তিতে সর্বমোট ১ হাজার ৩ শত ৫৪ জন পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। শাস্তি হিসাবে ৭২৩ জন পরীক্ষার্থীকে ১ বছরের জন্য শাস্তি প্রদান করা হইয়াছে। অর্থাৎ তাহাদের ১৯৯৩ সালে দেয় পরীক্ষা বাতিল করা হইয়াছে। ৫২৬ জনকে ২ বছরের জন্য শাস্তি প্রদান করা হইয়াছে। ১০১ জনকে ৩ বৎসরের জন্য শাস্তি প্রদান করা হইয়াছে। ২ জন পরীক্ষার্থীকে ৪ বৎসরের জন্য শাস্তি প্রদান করা হয়। অপর ২ জনকে ৫ বৎসরের জন্য শাস্তি প্রদান করা হয়।